# আচরণবিধি (নির্বাচন ২০২৬)

| ক্রমিক নং | যা করা যাবে (শর্তহীন) | যা করা যাবে (শর্ত সাপেক্ষে) | যা করা যাবে না |
|---|---|---|---|
| ১/ বিধি ০৪ | | | নির্বাচনী এলাকায় প্রকাশ্যে বা গোপনে চাঁদা বা অনুদান প্রদান বা প্রতিশ্রুতি। |
| ২/ বিধি ০৫ | | | সরকারি ডাক বাংলো, রেস্ট হাউজ বা সার্কিট হাউজ বা সরকারি কার্যালয় প্রচারণার কাজে ব্যবহার। |
| ৩/ বিধি ০৬ | জনসভায় বাধা দিলে পুলিশের শরানাপন্ন হওয়া | ক) জনসভা (কর্তৃপক্ষের লিখিত অনুমতি ও স্থানীয় পুলিশকে ২৪ ঘন্টা পূর্বে অবহিত করা সাপেক্ষে),<br>খ) সভা/ সমাবেশ/ পথসভা (জন চলাচল বিঘ্ন না করে) | বিদেশে জনসভা, পথসভা, সমাবেশ বা প্রচার-প্রচারণা। |
| ৪/ বিধি ০৭ | সাদা-কালো রঙ্গের ব্যানার (১০ফুটX৪ফুট), লিফলেট বা হ্যান্ডবিল (৮.২৭ইঞ্চিX১১.৬৯ইঞ্চি), ফেস্টুন (১৮ইঞ্চিX২৪ইঞ্চি),<br>পোট্রেট (৬০সে:মি:X৪৫সে:মি:), নির্বাচনী প্রতীক (দৈর্ঘ্য, প্রস্থ বা উচ্চতা ৩ মিটার করে)<br><br>(*তবে প্রার্থীর নিজের ছবি ও প্রতীক ছাড়া অন্য কারো ছবি বা প্রতীক ছাপানো যাবে না) | যানবাহন, দালান, দেয়াল, গাছ, বেড়া, বিদ্যুৎ ও টেলিফোনের খুঁটি, সরকারি স্থাপনায় সাঁটানো ব্যতীত অন্যভাবে লিফলেট বা হ্যান্ডবিল বা ব্যানার, ফেস্টুন ব্যবহার<br><br>(*তবে মুদ্রণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও তারিখ ছাড়া ব্যানার, লিফলেট, হ্যান্ডবিল বা ফেস্টুন ব্যবহার করা যাবে না) | কোনো প্রকার পোস্টার, অপচনশীল দ্রব্য যেমন: র‍্যাক্সিন, পলিথিন, প্লাস্টিক ইত্যাদি দ্বারা তৈরি প্রচারপত্র, লিফলেট বা হ্যান্ডবিল, ব্যানার ও ফেস্টুন। |

| | | | |
|---|---|---|---|
| ৫/ বিধি ০৮ | ভোটারের নাম, নম্বর ও কেন্দ্রের নামসহ ভোটার স্লিপ বিতরণ | ভোটকেন্দ্রের ৪০০ গজের মধ্যে ভোটার স্লিপ বিতরণ<br>(১২সে:মি:X০৮সে:মি: এর বেশি হবে না) | ভোটার স্লিপে প্রার্থীর নাম বা ছবি বা পদ বা প্রতীক বা ভোট চাওয়ার কোনো কথা উল্লেখ। |
| ৬/ বিধি ০৯ | | মনোনয়নপত্র দাখিলের সময় কোনো মিছিল বা শো-ডাউন করা যাবে না। তবে প্রার্থী বা তার প্রতিনিধিসহ ০৫ (পাঁচ) জন পর্যন্ত যেতে পারবেন। | প্রচারণায়-<br>যানবাহন সহকারে মিছিল, জনসভা বা শো-ডাউন বা মশাল মিছিল, হেলিকপ্টার বা আকাশযান হতে লিফলেট, ব্যানার বা অন্য কোনো প্রচার সামগ্রী প্রদর্শন বা নিক্ষেপ<br>ড্রোন, কোয়াডকপ্টার বা এরূপ যন্ত্র ব্যবহার। |
| ৭/ বিধি ১০ | | | মনোনয়নপত্র দাখিল বা প্রার্থীতা প্রত্যাহারে বাধা প্রদান। |
| ৮/ বিধি ১১ | | | দেয়াল লিখন বা অংকন দ্বারা প্রচারণা। |
| ৯/ বিধি ১২ | | | প্রতীক হিসাবে জীবন্ত প্রাণী ব্যবহার। |
| ১০/ বিধি ১৩ | | ৪০০ বর্গ ফুটের মধ্যে প্যান্ডেল নির্মাণ,<br><br>ইউনিয়ন বা পৌরসভা বা সিটি কর্পোরেশনে ওয়ার্ড প্রতি ০১ (এক) টি নির্বাচনী ক্যাম্প<br><br>অথবা<br>০১ (এক) নির্বাচনী এলাকার জন্য ০১ (এক) টি কেন্দ্রীয় নির্বাচনী ক্যাম্প স্থাপন। | কোনো গেইট বা তোরণ নির্মাণ বা চলাচলে বাধা সৃষ্টিকারী স্থাপনা নির্মাণ, সড়ক বা জন-চলাচলের স্থানে নির্বাচনী ক্যাম্প স্থাপন।<br>নির্বাচনী ক্যাম্পে কোমল-পানীয় বা খাদ্য পরিবেশন বা উপঢৌকন প্রদান ও আলোকসজ্জা। |
| ১১/ বিধি ১৪ | | যে কোনো ধরণের বিলবোর্ড ব্যবহার (১৬ফুটX০৯ফুট), ০১ (এক) নির্বাচনী এলাকায় ব্যবহৃত বিলবোর্ডের সংখ্যা সর্বোচ্চ ২০ (বিশ) টি। | এমনভাবে বিলবোর্ড ব্যবহার যাতে জনগণ বা যানবাহন চলাচলে বাধা সৃষ্টি হয় এবং পরিবেশের ক্ষতি বা নিরাপত্তা বিঘ্ন হয়। |

| | | | |
|---|---|---|---|
| ১২/ বিধি ১৫ | | | ১) প্রচারণায় কুৎসা রটনা, অশালীন, আক্রমণাত্মক, মানহানিকর, উস্কানিমূলক, ব্যক্তিগত চরিত্রহননকারী বা লিঙ্গ, সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন বক্তব্য।<br>২) ধর্মীয় উপাসনালয়, সরকারি অফিস বা শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণা।<br>৩) নাগরিকের স্থাবর বা অস্থাবর সম্পত্তির ক্ষতিসাধন বা নাগরিকের শান্তি বিনষ্ট করা।<br>৪) বল প্রয়োগ বা অর্থ ব্যয়ের মাধ্যমে ভোটারদের প্রভাবিত করা।<br>৫) ভোটকেন্দ্রে কোনো ধরণের আগ্নেয়াস্ত্র বা বিস্ফোরক দ্রব্য বা দেশীয় ধারালো বা ভোঁতা অস্ত্র বহন। |
| ১৩/ বিধি ১৬ | সামাজিক যোগাযোগ মাধ্যমে নাম, একাউন্ট আইডি, ই-মেইল আইডি ইত্যাদি রিটার্নিং অফিসারের নিকট দাখিল | | **সামাজিক যোগাযোগ মাধ্যমে-**<br>১) অসৎ উদ্দেশ্যে এআই (AI) ব্যবহার।<br>২) ঘৃণাত্মক বক্তব্য, ভুল তথ্য বা চেহারা বিকৃত করে নির্বাচন বিষয়ে বানোয়াট তথ্যসহ ক্ষতিকর কনটেন্ট তৈরি ও প্রচার।<br>৩) নারী, সংখ্যালঘু বা অন্য কোনো জনগোষ্ঠীকে উদ্দেশ্য করে ঘৃণা, আক্রমণ বা উস্কানিমূলক ভাষা ব্যবহার।<br>৪) ব্যক্তিস্বার্থে ধর্মীয় বা জাতিগত অনুভূতির অপব্যবহার।<br>৫) সত্যতা যাচাই ব্যতিরেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনের বিষয়ে কনটেন্ট শেয়ার ও প্রকাশ।<br>৬) বিভ্রান্তি, চরিত্রহনন বা সুনাম নষ্ট করার উদ্দেশ্যে এডিট করে বা এআই দ্বারা মিথ্যা বিদ্বেষপূর্ণ, অশ্লীল, কুরুচিপূর্ণ কোনো কনটেন্ট প্রকাশ, প্রচার বা শেয়ার। |

| | | | |
|---|---|---|---|
| ১৪/ বিধি ১৭ | এক নির্বাচনী এলাকায় এক সঙ্গে সর্বোচ্চ তিনটি মাইক বা লাউড স্পিকার ব্যবহার | মাইক বা অন্য কোনো শব্দ বর্ধনকারী যন্ত্র দুপুর ০২:০০ ঘটিকা হতে রাত ০৮:০০ ঘটিকা পর্যন্ত সীমাবদ্ধ রাখা। | ৬০ (ষাট) ডেসিবল এর অধিক মান মাত্রার শব্দ উৎপাদনকারী মাইক বা অন্য কোনো যন্ত্র ব্যবহার। |
| ১৫/ বিধি ১৮ | | ভোটের দিনের ০৩ (তিন) সপ্তাহ পূর্ব হতে ভোট শুরু হওয়ার ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্ব পর্যন্ত নির্বাচনী প্রচারণা। | |
| ১৬/ বিধি ১৯ | | ভোট শেষ হওয়ার ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে নিজ নিজ প্রচার সামগ্রী অপসারণ। | |
| ১৭/ বিধি ২০ | | | সরকারি সুবিধাভোগী ব্যক্তিবর্গের নির্বাচনী প্রচারণা |
| ১৮/ বিধি ২১ | | প্রার্থী নির্বাচনী এলাকার কোনো শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি বা সদস্য হয়ে থাকলে নির্বাচনী প্রচারণা শুরু হওয়ার পূর্বে উক্ত পদ হতে পদত্যাগ | নির্বাচনী প্রচারণায় সরকারী সুবিধা গ্রহণ |
| ১৯/ বিধি ২২ | | প্রার্থীর নির্বাচনী ব্যয় সীমা হবে ভোটার প্রতি ১০ (দশ) টাকা এবং ২৫ লক্ষ টাকা দুটির মধ্যে যেটি বেশি;<br>রাজনৈতিক দলের নির্বাচনী ব্যয়ের ক্ষেত্রে ৫০ হাজার টাকা এবং প্রার্থীর ব্যয়ের ক্ষেত্রে ২০ হাজার টাকার বেশি হলে বাধ্যতামূলকভাবে ব্যাংকের মাধ্যমে লেনদেন করা। | |
| ২০/ বিধি ২৩ | | | রাজনৈতিক দলের বা প্রার্থীর কর্মীগণ ভোট প্রদানের উদ্দেশ্য ব্যতীত ভোট কেন্দ্রের ভেতরে প্রবেশ বা ঘুরাঘুরি করা,<br><br>পোলিং এজেন্ট বা ভোটারকে প্রার্থীর প্রচারণামূলক বক্তব্য ও প্রতীক সংবলিত শার্ট, জ্যাকেট, ফতুয়া, ক্যাপ, ব্যাজ বা এরূপ কোনো কিছু পরিধান করিয়ে ভোট কেন্দ্রে প্রবেশ করানো। |

| | | | |
|---|---|---|---|
| ২১/ বিধি ২৪ | নির্বাচনী ইশতেহার পাঠ ও আচরণবিধি প্রতিপালনের ঘোষণা | | |